# রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির

আবাসিক স্বায়ত্বশাসিত মহাবিদ্যালয়

বেলুড় মঠ, হাওড়া

প্রথম অর্ধবর্ষ (জুলাই - ডিসেম্বর, ২০১০), স্নাতকস্তর

মধ্য-অর্ধবর্ষ পরীক্ষা, সেপ্টেম্বর, ২০১০

তারিখ ঃ ৬ সেপ্টেম্বর, ২০১০ — পূর্ণমান ঃ ৫০

সময় ঃ বেলা ১১ টা - দুপুর ১ টা

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও। ১০+১০=২০

ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে প্রকাশিত সামাজিক ও সাংস্কৃতিক জীবন নিয়ে সংক্ষেপে আলোচনা করে দেখাও যে এই কাব্যের রুচি নিয়ে সমালোচক মহলে যে আলোড়ন উঠেছে, তার মূল বক্তব্যটি কী এবং তুমি এই কাব্যকে অন্তত কোন কোন ক্ষেত্রে অশ্লীল বলতে রাজী আছো কিনা। ১০

খ) ব্রজবুলি ভাষার চরিত্রবৈশিষ্ট্য আলোচনা কর এবং কবিত্ব শক্তিতে আর কাব্যপ্রকরণে বিদ্যাপতি-চণ্ডীদাসের একটি তুলনামূলক আলোচনা কর। ৪+৬=১০

গ) মনসামঙ্গলের তিন কবি বিজয়গুপ্ত, নারায়ণদেব এবং বিপ্রদাসের মধ্যে তাঁদের আবির্ভাব স্থান, কাল এবং তাঁদের সৃষ্ট চাঁদ সদাগর চরিত্রের ভিত্তিতে একটি তুলনামূলক আলোচনা কর।

২। টীকা লেখ ঃ

(কবি বা সংকলকের নাম, রচনাকাল, কাব্যশ্রেণি, কাব্যবিষয়, কাব্যটির অন্তত দুটি ভাষা-সাহিত্যগত বৈশিষ্ট্য পরপর সূত্রাকারে লিখতে হবে)

- গীতগোবিন্দ ৫

৩। 'যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয় -
মায়ে ঝিয়ে করব ঝগড়া, জামাই বলে মানব না।' - পদটি কার রচনা ? এখানে বক্তা কে ? 'জামাই' বলতে কাকে বলা হয়েছে ? উক্তিটির মধ্যে মায়ের মনের কোন্ দিক ফুটে উঠেছে, দেখাও। ১+১+১+৭=১০

অথবা

'ওরে নবমী নিশি না হইও রে অবসান' - কমলাকান্ত ভট্টাচার্যের এই পদে চিরন্তন সন্তান বাৎসল্যের পরিচয় পাওয়া যায়। - আলোচনা কর। ১০

৪। 'মিঠার লোভে তিতো মুখে সারাদিনটা গেল' - কোন্ পর্যায়ের পদ ? বক্তা কে ? কেন এমন কথা ? ১+১+১=৩

৫। 'নীরদ নয়নে নীর ঘন সিঞ্চনে' - কোন্ পর্যায়ের পদ ? উদ্দিষ্ট ব্যক্তিটি কে ? আলোচ্য পদে এই মানুষটির সম্পর্কে আর যা বলা হয়েছে, তা সংক্ষেপে লেখ। পদটিতে কবির সৃষ্টিদক্ষতা নিয়ে তোমার নিজস্ব মন্তব্য লেখ। ১+১+৪+৪=১০

অথবা

'গাগরি বার ঢারি করি পিছল' - আলোচ্য পংক্তিটি যে পর্যায়ের সেই পর্যায়ের মূল রস তাৎপর্য লিখে, পদটির শিল্পসার্থকতা আলোচনা কর। ৪+৬=১০

৬। 'বুক বাহিয়া পড়ে ধারা' - কার লেখা কোন্ পর্যায়ের পদ ? কার বুক বেয়ে ধারা পড়ছে ? ১+১+১=৩